বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
(সবজি বীজ বিভাগ)
(ই-মেইল :jdvegbadc@gmail.com)

স্মারক নং-১২.০৬.০০০০.২৮১.৩৭.০৪৬.২৪ . ২৫৮ তারিখঃ৩০ সেপ্টেম্বর ২০২৪।

বরাবর

১। যুগ্মপরিচালক (উদ্যান), বিএডিসি, রাজশাহী।
২। উপপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, ফরিদপুর।
৩। উপপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, পাবনা।

বিষয়: ২০২৪-২৫ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ এর উৎপাদন কর্মসূচি।

জাতীয় সবজি বীজ কর্মসূচির আওতায় সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০২৪-২৫ উৎপাদন বর্ষে ৩৩.৮১ একর জমিতে ১০.১২৫ মে.টন মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ এবং ২০.০০ একর জমিতে ১০০.০০ মে.টন মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বাল্ব বীজের উৎপাদন কর্মসূচি এতদ্বারা জারি করা হলো। শীতকালীন পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজের উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ 'পরিশিষ্ট-ক' তে দেয়া হলো।

সংশ্লিষ্ট অফিস প্রধানকে স্ব-স্ব ক:গ্রো: জোনের উৎপাদন কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে।

১। বপন মৌসুমের শুরুতে পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার ফরিদপুর ও পাবনা এবং সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা দপ্তর থেকে প্রয়োজনীয় পেঁয়াজ বাল্ব বীজ/ পেঁয়াজ বীজ সংগ্রহ নিশ্চিত করবেন।

২। বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়নে মসলা গবেষণা কেন্দ্রের উৎপাদন প্রযুক্তি অনুসরণ করবেন।

৩। বীজ উৎপাদনের জন্য পূর্বের কম উৎপাদনশীল জমি বাদ দিয়ে অধিক উৎপাদনশীল জমি ও প্রগতিশীল চাষির সমন্বয়ে স্কিম তৈরি করতে হবে।

৪। মানঘোষিত বীজ উৎপাদনের লক্ষ্যে যথাসময়ে নির্বাচিত স্কিমের চাষিদের জমি তৈরি, জৈব ও রাসায়নিক সার ব্যবহার, সময়মত বীজ বপন এবং অন্যান্য আন্তপরিচর্যা করার বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ মাঠ পরিদর্শনকালে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৫। স্কিম অনুমোদনের পর বীজ উৎপাদন পরিকল্পনা, বীজ বপন, মাঠ পরিদর্শন (১ম, ২য়, ৩য়), বীজ ফসল সংগ্রহের সম্ভাব্য তারিখ যুগ্মপরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা কে অবহিত করবেন।

৬। সংস্থা থেকে সরবরাহকৃত পেঁয়াজ বাল্ব বীজ ও পেঁয়াজ বীজ চুক্তিবদ্ধ চাষিদের নিকট সরবরাহের সাথে সাথে তার মূল্য চাষিদের নিকট হতে আদায় করে সংস্থার খাতে জমাদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। সংশ্লিষ্ট জোনের উপপরিচালকগণ তাদের বীজ ফসলের অঙ্গজ বৃদ্ধির বিভিন্ন পর্যায়ে ও বীজ সংগ্রহের পূর্বে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে মাঠ পরিদর্শনের মাধ্যমে মাঠমান নিশ্চিত করবেন এবং সম্ভাব্য বীজ প্রাপ্তির পরিমাণ যথাসময়ে যুগ্মপরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা এর নিকট প্রেরণ করবেন।

অ.পৃ.দ্র.

৮। পেঁয়াজ বীজ সংগ্রহের পর যথাযথ পরিচর্যা ও নিরাপদ আর্দ্রতায় আনয়নপূর্বক বীজের 'বীজমান' নিশ্চিত করবেন। বীজমান অনুযায়ী সংরক্ষিত পেঁয়াজ বীজ সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকায় প্রেরণ করবেন। প্রেরিত বীজের নমুনা নিজ দপ্তরে সংরক্ষণ করবেন যেন পরবর্তীতে বীজের গুণগতমান বিষয়ে আপত্তি উত্থাপিত হলে যথাযথ ব্যবস্থা নেয়া যায়।

৯। পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী ক:গ্রো: জোনের উপপরিচালকগণ পেঁয়াজ বাল্ব বীজের জাত নিশ্চিত হয়ে নির্ধারিত স্কিমের চাষিদের নিকট থেকে সংগ্রহপূর্বক পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ফরিদপুর/পাবনা প্রেরণ করবেন।

১০। যুগ্মপরিচালক (সবজি বীজ) এর সার্বিক তত্ত্বাবধানে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়িত হবে।

১১। সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে, পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ 'পরিশিষ্ট-ক'-১ কপি।

৩০/০৭/২৪
(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, ঢাকা। (উৎপাদন কর্মসূচি অনুযায়ী পেঁয়াজ বীজ সরবরাহের ব্যবস্থা নিবেন)।

২। উপপরিচালক (খামার), বিএডিসি, টেবুনিয়া, পাবনা। (উৎপাদন কর্মসূচি অনুযায়ী পেঁয়াজ বাল্ব বীজ সরবরাহের ব্যবস্থা নিবেন)।

৩। উপপরিচালক (ডাল ও তৈল বীজ), ডাল ও তৈলবীজ খামার, বিএডিসি, ফরিদপুর। (উৎপাদন কর্মসূচি অনুযায়ী পেঁয়াজ বাল্ব বীজ সরবরাহের ব্যবস্থা নিবেন)।

৪। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।

২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩০.০৭.২৪
(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি,ঢাকা।
ফোন: ২২২৩৩৮৫১০৯
ই-মেইল : jdvegbadc@gmail.com

পরিশিষ্ট 'ক'

## ২০২৪-২৫ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজের উৎপাদন কর্মসূচি

পেঁয়াজ বীজ:

| উৎপাদনকারী ক:গ্রো: জোন/খামার/কেন্দ্র এর নাম | ফসলের নাম | জাতের নাম | বীজ উৎপাদনে প্রয়োজনীয় পেঁয়াজ বাল্ব বীজের পরিমাণ (মে.টন) | আবাদকৃত জমি (একর) | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) | বীজ প্রাপ্তির উৎস |
|---|---|---|---|---|---|---|
| ফরিদপুর ক:গ্রো: জোন | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ৮.৫৬০ | ১৩.১৭ | ৩.৯৫০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি ফরিদপুর |
| | | বারি পেঁয়াজ-৪ | ১৩.৫০০ | ১১.২৫ | ৩.৩৭৫ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি ফরিদপুর |
| | | বারি পেঁয়াজ-৬ | ২.২৫০ | ২.২৫ | ০.৬৭৫ | |
| পাবনা ক:গ্রো: জোন | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ৩.৪৬৫ | ৫.৩৩ | ১.৬০০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, টেবুনিয়া, পাবনা |
| | | বারি পেঁয়াজ-৪ | ১.৫৭৫ | ১.৩১ | ০.৪০০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, টেবুনিয়া, পাবনা |
| উদ্যান উন্নয়ন কেন্দ্র, বিএডিসি, রাজশাহী | পেঁয়াজ বীজ | তাহেরপুরী | ০.৬৫০ | ০.৫০ | ০.১২৫ | স্থানীয়ভাবে সংগৃহীত |
| মোট পেঁয়াজ বীজ | | | ৩০.০০০ | ৩৩.৮১ | ১০.১২৫ | |

পেঁয়াজ বাল্ব বীজ:

| উৎপাদনকারী ক:গ্রো: জোন এর নাম | ফসলের নাম | জাতের নাম | পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনে প্রয়োজনীয় বীজের পরিমাণ (কেজি) | আবাদকৃত জমি (একর) | পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) | বীজ প্রাপ্তির উৎস |
|---|---|---|---|---|---|---|
| ফরিদপুর ক:গ্রো: জোনের নাম | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | ১৮.০০ | ৬.০০ | ৩০.০০০ | সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা |
| | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-৪ | ৯.০০ | ৩.০০ | ১৫.০০০ | সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা |
| | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-৬ | ৬.০০ | ২.০০ | ১০.০০০ | সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা |
| পাবনা ক:গ্রো: জোন | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | ১৮.০০ | ৬.০০ | ৩০.০০০ | সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা |
| | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-৪ | ৯.০০ | ৩.০০ | ১৫.০০০ | সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা |
| মোট পেঁয়াজ বাল্ব বীজ | | | ৬০.০০ | ২০.০০ | ১০০.০০ | |

বি.দ্র. নভেম্বরের শেষ সপ্তাহের মধ্যে বীজ বপন ও চারা রোপন সম্পন্ন করতে হবে।

| | | |
|---|---|---|
| (মীর সাঈদা আক্তার সীমা)<br>সি:সহকারী পরিচালক (সবজি বীজ)<br>বিএডিসি, ঢাকা | (মেছবাহউদ্দিন আহমেদ)<br>যুগ্মপরিচালক (সবজি বীজ)<br>বিএডিসি, ঢাকা | (মো. আবীর হোসেন)<br>মহাব্যবস্থাপক (বীজ)<br>বিএডিসি, ঢাকা। |